গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি মন্ত্রণালয়
টেলিযোগাযোগ অধিদপ্তর
প্রশাসন-১ শাখা

# টেলিযোগাযোগ অধিদপ্তরের ২৬ তম মাসিক সমন্বয় সভার কার্য্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | মোঃ কামরুজ্জামান<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ১৭/০৬/২০২১ খ্রিঃ |
| সভার সময় | বেলা ১১.০০ ঘটিকা |
| স্থান | অনলাইন ভার্চুয়্যাল জুম প্লাটফর্মে অনুষ্ঠিত। |
| উপস্থিতি | অধিদপ্তরের উপপরিচালক/ সমপর্যায় পর্যন্ত কর্মকর্তাগণ (৫ম ও তদূর্ধ্ব গ্রেড পর্যন্ত) |


সভাপতি মহোদয় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর সভার আলোচ্যসূচী অনুযায়ী বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়:

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | মে/ ২০২১ মাসে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী উপস্থাপন, পঠন ও দৃঢ়করন | সভায় অংশগ্রহণকারী সকলের নিকট পূর্ববর্তী সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ-এর সর্বসম্মতি চাওয়া হলে কোন সংশোধন না থাকায় গত ১১/০৫/২০২১ তারিখের সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা যায় | কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে গত ১১/০৫/২০২১ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হয়। | অতিরিক্ত মহাপরিচালক (সকল)/পরিচালক (সকল)/ উপপরিচালক (সকল) |
| ০২ | কোভিড-১৯ এর কারণে সার্বিক কার্যাবলী/ চলাচলে বিধি-নিষেধের প্রেক্ষিতে অত্যাবশকীয় কার্যক্রম চলমান রাখা সংক্রান্ত | সরকারের সম্প্রসারিত টিকাদান কর্মসূচী আওতায় সরকারী কর্মকর্তা-কর্মচারীগণের টিকা গ্রহণের ফলে সরকারী দপ্তরসমূহে স্বাভাবিক উপস্থিতিসহ দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রম চলমান রয়েছে বিধায় টেলিযোগাযোগ অধিদপ্তরে শতভাগ উপস্থিতি দাপ্তরিক কার্যক্রমে সকলকে অংশগ্রহণের নির্দেশনা সভা থেকে দেয়া যেতে পারে। | ডাক ও টেলিযোগাযোগ বিভাগ এবং অন্যান্য সরকারি দপ্তরের ন্যায় টেলিযোগাযোগ অধিদপ্তরে অত্যাবশকীয় স্বাস্থ্যবিধি অনুসরণ করে সকল কর্মকর্তা-কর্মচারীর শতভাগ উপস্থিতিসহ দৈনন্দিন দাপ্তরিক কার্যক্রমে অংশগ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। কোভিড-১৯ এর পরিবর্তিত পরিস্থিতিতে সরকারী নির্দেশনা আসলে তদানুযায়ী উপস্থিতি সংক্রান্ত পরবর্তী কার্যক্রম গ্রহণ করতে হবে। | অতিরিক্ত মহাপরিচালক (সকল)/পরিচালক (সকল)/ উপপরিচালক (সকল) |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৩ | ২০২১-২০২২ অর্থ বছরে পিআরএলগামী কর্মকর্তা-কর্মচারীদের তথ্যের ত্রুটি বিচ্যুতি নিরসণ করে পিআরএল মঞ্জুরী সংক্রান্ত | ডিওটির প্রেরিত খসড়া তালিকার ৫৩৫ জন কর্মকর্তা-কর্মচারীর তথ্যের যাচাইকৃত প্রতিবেদন বিটিসিএল/ অন্যান্য সংস্থাসমূহ থেকে অদ্যাবধি পাওয়া যায়নি। ফলে ডিওটির খসড়া থেকে জুলাই, ২০২১ মাসে ২৫ জন এবং আগষ্ট, ২০২১ মাসে ২৭ জনের প্রেরিত প্রস্তাবের বিপরীতে সকলের প্রেষণাদেশ বাতিল হয়েছে। যথাসময়ে পিআরএল মঞ্জুরীর স্বার্থে খসড়া তালিকার যাচাইকৃত প্রতিবেদন প্রমাণকসহ জরুরী ভিত্তিতে সংগ্রহ করা প্রয়োজন। | প্রেরিত খসড়া তালিকার যাচাইকৃত প্রতিবেদন সময়মত পাওয়া না গেলে পিআরএল মঞ্জুরীর নিমিত্তে খসড়া তালিকার তথ্য মোতাবেক প্রেষণাদেশ বাতিলের প্রস্তাব মন্ত্রণালয়ে পাঠাতে হবে। পরবর্তীতে কোন প্রস্তাব পাওয়া গেলে সম্পূরক প্রস্তাব প্রেরণ করতে হবে। সংশ্লিষ্ট কর্মকর্তা-কর্মচারী ও নিয়ন্ত্রণকারী কার্যালয়সমূহের মধ্যে ব্যক্তিগত যোগাযোগ বৃদ্ধির মাধ্যমে খসড়া তালিকাটি চূড়ান্তকরণের কার্যক্রম চলমান রাখত হবে। | পরিচালক (প্রশাসন) |
| ০৪ | সুবিধা বঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষাব্যবস্থা ডিজিটালকরন শীর্ষক প্রকল্পের মাসিক অগ্রগতি প্রতিবেদন। | প্রকল্পের কাজের অগ্রগতি সন্তোষজনক। প্রকল্প পরিচালক ও টেশিসের ব্যবস্থাপনা পরিচালকের মধ্যে ল্যাপটপ সরবরাহের চুক্তিনামা স্বাক্ষরিত হয়েছে। কোভিড-১৯ মহামারির সরকারী বিধি-নিষেধের মধ্যে নির্ধারিত সময়েই প্রকল্পের কাজ শেষ করার আশাবাদ ব্যক্ত করা হয়। | প্রকল্পের কার্যক্রম কোভিড-১৯ মহামারির প্রেক্ষিতে নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্নকরণের বিষয়ে সভায় তাগিদ প্রদান করা হয়। প্রকল্পে অন্তর্ভুক্ত বেসরকারী স্কুলসমূহ সরকারীকরণ সংক্রান্ত প্রত্যয়নপত্র প্রাথমিক শিক্ষা অধিদপ্তর থেকে দ্রুততম সময়ে সংগ্রহ করতে হবে। | প্রকল্প পরিচালক, সুবিধাবঞ্চিত প্রত্যন্ত অঞ্চলের সরকারী প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষা ব্যবস্থা ডিজিটালকরণ শীর্ষক প্রকল্প |
| ০৫ | মে/ ২০২১ মাসের অধিদপ্তরের প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদন পর্যালোচনা | পিআরএলগামী কর্মকর্তা-কর্মচারীদের অধিদপ্তরে যোগদান ও পদস্থাপন, বেতন-ভাতা পরিশোধ, পিআরএল ও লাম্পগ্র্যান্ড মঞ্জুরী, জিপিএফ মঞ্জুরী, পেনশন ও আনুতোষিক মঞ্জুরী এবং কল্যাণ বিষয়ক কার্যক্রমের মাসিক প্রতিবেদন উপস্থাপন ও পর্যালোচনায় সন্তোষ প্রকাশ করা যেতে পারে। ডিওটির পেন্ডিং পেনশন কেইসের সংখ্যা বৃদ্ধি পাওয়ায় প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ এবং সিএএন্ডএফও অফিসে পেনশন কেইস পূঞ্জীভুত থাকায় ডিওটি ও সিএএন্ডএফও অফিসের মধ্যে বৈঠক করে দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করা যেতে পারে। | সভায় টেলিযোগাযোগ অধিদপ্তরের প্রদত্ত বিবিধ সেবা বিষয়ক প্রতিবেদনে সন্তোষ প্রকাশ করা হয়। ডিওটি মে, ২০২১ মাসে পেন্ডিং ৪০টি পেনশন কেইস দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ এবং সিএএন্ডএফও অফিসে পূঞ্জীভুত ১৩৩ টি পেনশন কেইস দ্রুত নিষ্পত্তির জন্য যৌথ বৈঠক করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। প্রতিবেদনে শুধুমাত্র ইতিবাচক অগ্রগতি উপস্থাপন না করে অনিষ্পত্তিকৃত বিষয়গুলি যৌক্তিকতাসহ প্রতিবেদনে তুলে ধরার ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (ফ্রিকোয়েন্সী ব্যবস্থাপনা )/ পরিচালক (প্রশাসন)/ পরিচালক (অর্থ) |
| ০৬ | টিটিসির বকেয়া ভবন ভাড়া, পানির বিল পরিশোধ এবং ব্যবহৃত বিদ্যুতের বিল পরিশোধ সংক্রান্ত। | চলতি বছরে জুন, ২০২১ মাস পর্যন্ত বাজেটের অর্থ বরাদ্দের মধ্যে চুক্তিনামা ও পিডব্লিউডি রেট মোতাবেক টিটিসির ভবন ভাড়া ও পানির বিল পরিশোধ করা হয়েছে। পানির সাব মিটারের বিষয়ে বিটিসিএল-ডিওটি অংশীজন সভায় অনুমতি পত্র প্রেরণের জন্য অনুরোধ করা হয়েছে। অধিদপ্তরের অনুকূলে মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক টিটিসির জমি/ ভবন বন্দোবস্ত নেয়ার জন্য বর্তমান জমি টিটিসির নামে নামজারী না হওয়ায় ভুমি আপীল বোর্ড ও পিডব্লিউডির সহিত যোগাযোগ করা প্রয়োজন। | চুক্তিনামার আওতায় ভবন ও পানির বিল পরিশোধ করতে হবে। মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক অধিদপ্তরের অনুকূলে বরাদ্দকৃত টিটিসির জায়গা প্রদানের জন্য ভুমির নামজারীর জটিলতা নিরসণের নিমিত্তে ভুমি আপীল বোর্ড এবং পিডব্লিউডির সহিত এতদসংক্রান্ত বিষয়ে অধিদপ্তরের গঠিত কমিটি প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবে। | পরিচালক (প্রশাসন)/ পরিচালক (অর্থ)/ ডিওটির জমি গ্রহণ বিষয়ক টেলিযোগাযোগ অধিদপ্তরের গঠিত কমিটি |

| | | | | |
|---|---|---|---|---|
| ০৬ | বিবিধ | ক) টেলিযোগাযোগ অধিদপ্তরের ২য় গ্রেডভুক্ত মহাপরিচালক, ৩য় গ্রেডভুক্ত অতিরিক্ত মহাপরিচালক/ জেনারেল ম্যানেজার (ইঞ্জিঃ), উপপরিচালক/ বিভাগীয় বিভাগীয় প্রকৌশলী/ উপবিভাগীয় প্রকৌশলী ও অন্যান্য শূন্য পদে পদোন্নতি ও টাইমস্কেল/উচ্চতর গ্রেড প্রদানের প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করা প্রয়োজন। | ক) পদোন্নতি/ টাইমস্কেল/ উচ্চতর গ্রেড প্রদানের প্রস্তাবসমূহ নিয়োগ শাখা থেকে অন্য শাখাসমূহের সহিত সমন্বিত পদক্ষেপের মাধ্যমে নিষ্পন্ন করে প্রয়োজনীয় প্রস্তাবনাসহ দ্রুত ডাক ও টেলিযোগাযোগ বিভাগে প্রেরণের ব্যবস্থা নিতে হবে। | ক) পরিচালক (প্রশাসন)/ পরিচালক (ফ্রিকোয়েন্সি ব্যবস্থাপনা) |
| | | খ) ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রজ্ঞাপনের আলোকে অধিদপ্তরে ন্যস্তকৃত ২৫ ধরনের কার্যক্রমের বিপরীতে প্রস্তুতকৃত খসড়া অর্গনোগ্রোম ও কার্যাবলীর চুড়ান্ত অনুমোদনের উপর অধিদপ্তরের নিয়োগবিধি নির্ভর করছে বিধায় অধিদপ্তরের বর্তমান অর্গানোগ্রাম ও কার্যাবলী এবং খসড়া অর্গনোগ্রাম ও কার্যাবলীতে অন্তর্ভুক্ত বিষয়াদি কিভাবে সমন্বয় করে অধিদপ্তর পরিচালিত হবে তার সিদ্ধান্ত গ্রহণ করা প্রয়োজন। | খ) ডাক ও টেলিযোগাযোগ বিভাগের প্রজ্ঞাপনের আলোকে অধিদপ্তরে ন্যস্তকৃত ২৫ ধরণের কার্যক্রমের বিষয়ে অধিদপ্তরের কর্মপরিকল্পনা প্রণয়নের বিষয়ে বিদ্যমান অর্গানোগ্রাম ও প্রেরিত খসড়া অর্গানোগ্রামের উপর আগামী ২৭/০৬/২০২১ তারিখে অধিদপ্তরের সম্মেলন কক্ষে পঞ্চম ও তদুর্ধ্ব গ্রেডের কর্মকর্তাগণের অংশগ্রহণে শারিরিক উপস্থিতিসহ একটি সভার আয়োজন করতে হবে। | খ) অতিরিক্ত মহাপরিচালক (সকল)/ পরিচালক (সকল)/ উপপরিচালক (সকল) |
| | | গ) সিটিডিআর সেন্টারকে স্পর্শকাতর জাতীয় স্থাপনা বিধায় কেপিআই নীতিমালার আলোকে উপযুক্ত কেপিআই শ্রেণীভুক্তকরণের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের অধিদপ্তরের প্রস্তাবনা ইতোমধ্যে মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। | গ) সিটিডিআর সেন্টারকে স্পর্শকাতর জাতীয় স্থাপনা বিবেচনা করে কেপিআই নীতিমালার আলোকে উপর্যুক্ত কেপিআই শ্রেণীভূক্তকরণের নিমিত্তে মন্ত্রণালয়ে প্রেরিত প্রস্তাবের বিপরীতে অধিদপ্তরের যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | গ) অতিরিক্ত মহাপরিচালক (কারিগরি)/ পরিচালক (সমন্বয়-পিএসটিএন ও গেটওয়ে) |
| | | ঘ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ নীতিমালার আলোকে ডিওটির কর্মকর্তা-কর্মচারীদের পেশাগত দক্ষতার উন্নয়নের জন্য বিষয় ভিত্তিক প্রশিক্ষণের কর্মপরিকল্পনা প্রণয়ন করা প্রয়োজন। | ঘ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ নীতিমালার আলোকে ডিওটির কর্মকর্তা-কর্মচারীদের পেশাগত দক্ষতার উন্নয়নের জন্য বিষয় ভিত্তিক প্রশিক্ষণের কর্মপরিকল্পনা প্রণয়ন করতে হবে। | ঘ) পরিচালক (প্রশাসন)/ উপপরিচালক (প্রশিক্ষণ) |

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি কর্তৃক সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম সমাপ্ত ঘোষণা করেন।



মোঃ কামরুজ্জামান
মহাপরিচালক

স্মারক নম্বর: ১৪.৩০.০০০০.২১২.০৬.০০১.২০.১২৯

তারিখ: ১৬ আষাঢ় ১৪২৮
৩০ জুন ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) সচিব, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০।

২) অতিরিক্ত মহাপরিচালক (প্রশাসন ও অর্থ/ কারিগরি/ রেগুলেটরি), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।


৩) পরিচালক (সকল)/ পরিচালক (ইঞ্জিঃ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৪) উপপরিচালক (সকল)/ বিভাগীয় প্রকৌশলী/ চিফ সুপার (টেলিগ্রাফ), টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৫) সিনিয়র সহকারী পরিচালক/ উপবিভাগীয় প্রকৌশলী, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৬) সহকারী পরিচালক (সকল)/ সহকারী প্রকৌশলী/ হিসাব রক্ষণ কর্মকর্তা, টেলিযোগাযোগ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।

৭) অফিস কপি।



মুহম্মদ আকরাম হুসেন
সিনিয়র সহকারী পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)